# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৯৬. কত দূরে সফর করলে সালাত কসর করা যাবে?

এ বিষয়ে রাসূলুল্লাহ (স.) কোন নির্দিষ্ট দূরত্ব উল্লেখ করেননি। ফলে এ বিষয়ে উলামায়ে কিরামের অনেক মতবিরোধ রয়েছে। একবার রাসূলুল্লাহ (স.) মদীনায় যোহর পড়ে সেখান থেকে (ষোল কিলোমিটার দূরে) যুলহুলাইফা'-তে গিয়ে আসর পড়েছেন কসর করে (মাত্র দুই রাকআত)। (বুখারী: ১৫৪৭)। অপর এক বর্ণনায় আনাস (রা) বলেছেন, রাসূলুল্লাহ (স.) তিন মাইল বা তিন ফারসা দূরত্বে সফরে বের হলে (চার রাকআতের স্থলে) দুই রাকআত সালাত আদায় করতেন (আবু দাউদ: ১২০১)। অবশ্য হাদীসটির মর্ম সহীহ নয়। কেননা, মাইল ও ফারসাখের দূরত্ব এক নয়। অবশ্য এ হাদীসের আলোকে একদল আলেম বলেছেন, যতটুকু দূরে গেলে মানুষ এটাকে সফর হিসেবে গণ্য করবে সেটাই সফরের দূরত্ব। তবে হানাফী ফকীহ-সহ অধিকাংশ আলেমের মতে সফরের সর্বনিম্ন দূরত্ব হলো ৪৮ মাইল বা ৭৮ কিলো। এ পরিমাণ বা তদোর্ধ দূরত্বে সফর করলে সালাতে কসর করবে। সাহাবী ইবনে আব্বাস ও ইবনে উমর (রা) ৪৮ মাইল দূরে গেলে কসর করতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12982

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন